# স্বালাতে মুবাশ্‌শির

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মাসাহ্‌র সময়কাল

হযরত আলী (রাঃ) কর্তৃক বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রসূল (ﷺ) মুসাফিরের জন্য ৩ দিন এবং গৃহবাসীর জন্য ১ দিন মোজার উপর মাসাহ্‌র সময়-সীমা নির্ধারিত করেছেন। *(মুসলিম, সহীহ ২৭৬)*

এই নির্দিষ্ট সময় শুরু হবে, ওযু করে মোজা পরে ঐ ওযু ভাঙ্গলে তার পরের ওযু করার সময় তার উপর মাসাহ্‌ করার পর থেকে। অতএব প্রথম মাসাহ্‌ থেকে ২৪ ঘন্টা গৃহবাসীর জন্য এবং ৭২ ঘন্টা মুসাফিরের জন্য মাসাহ্‌ করা বৈধ হবে। সুতরাং যদি কেউ মঙ্গলবারের ফজরের নামাযের জন্য ওযু করার সময় মোজা পরে, তারপর ঐ ওযুতে চার ওয়াক্ত নামায পড়ে যদি তার ওযু এশার পর ভাঙ্গে এবং বুধবার ফজরের পূর্বে ওযু করার সময় মাসাহ্‌ করে, তাহলে সে গৃহবাসী হলে পর দিন বৃহস্পতিবারের ফজর পর্যন্ত ওযু করার সময় মোজার উপর মাসাহ্‌ করতে পারে। অনুরূপ মুসাফির হলে শনিবার ফজর পর্যন্ত মাসাহ্‌ করতে পারবে। *(ফাতাওয়া ফিল মাসহি আলাল খুফফাইন, ইবনে উসাইমীন, ইবনে উসাইমীন ৮-৯পৃ:, মাজাল্লাতুল বুহূসিল ইসলামিয়্যাহ্‌ ১/২৩৬)*

Source — https://www.hadithbd.com/books/link/?id=2780

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন